

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

সিয়াম অবস্থায় স্ত্রীকে চুম্বন করা

তিনি রমযান মাসের দিনের বেলায় সিয়াম অবস্থায় তাঁর কতক স্ত্রীকে চুম্বন করতেন। তিনি সায়িম ব্যক্তি কর্তৃক তার স্ত্রীকে চুম্মন করার বিষয়টিকে মুখে পানি নিয়ে কুলি করার সাথে তুলনা করেছেন। স্ত্রীকে চুম্বন করার ক্ষেত্রে তিনি যুবক ও বৃদ্ধের মধ্যে পার্থক্য করেননি। অর্থাৎ উভয়ের জন্যই তা জায়েয।

ভুলক্রমে সায়িম ব্যক্তি দিনের বেলা পানাহার করে ফেললে তিনি কাযা করতে বলেন নি। কেননা আল্লাহই তাকে পানাহার করিয়েছেন।[1]

ফুটনোট

[1]. তবে শর্ত হল স্মরণ হওয়ার পর থেকে সূর্য ডুবা পর্যন্ত পানাহার থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3803

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন